

বাঁকুড়ায় স্বপ্ন - সূতিকায়

রাতের গাড়ির নাম চত্রধরপুর
ভোরে নামি বাঁকুড়া স্টেশনে।

রেললাইনের তলে পাতা থাকে স্মৃতির শিকড়
সে-ই টানে, সে-ই টেনে নিয়ে যায় দূর
অরণ্য পাহাড় ঘেরা চত্রধরপুর।

জীবনের লতাত স্তব্ব বাঁক - বাঁকাস্তর ফল্গুটানে আঁটা
আমাকে সারারাতে জাগিয়ে রেখেও
ভোর না হতেই টেনে আমাকে নামায় --- এই বাঁকুড়ায়।

যুগলবর্তুল ঘন্টি গোপন কাঁকনে বাজে মাচানতলার
দুটি নদী ঘিরে আছে ইস্কুলডাঙার বনস্পতি
সারাদিন কবিতা কাগজ, সারাপথ মন্দির মন্দির
কাঁকরচন্দন লিপ্ত আকাল ঠাকুর ভক্ত
আমার বন্ধুরা সব জেগে আছে
কখন ডাকবো আমি ভোরে

ঘুম অন্ধকার নিয়ে এই গাড়ি চলে যায় চত্রধরপুরে
ভোরের রহস্যময়ী ধাত্রী এক আমাকে নামায়
বাঁকুড়ায় --- স্বপ্ন সূতিকায়।

শান্তি সেনগুপ্ত

